


# যুগান্তর

## আইইউবির সঙ্গে ম্যাকোয়র ভার্শিটির চুক্তি

প্রকাশ : ১৫ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর ডেস্ক

আন্তর্জাতিক শিক্ষা সপ্তাহ ২০১৮ উপলক্ষে সমঝোতা চুক্তি সই করল ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি) ও অস্ট্রেলিয়ার বিশ্বখ্যাত ম্যাকোয়র ইউনিভার্সিটি। রাজধানীর বসুন্ধরায় আইইউবির ক্যাম্পাসে ১১ নভেম্বর উভয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তির মাধ্যমে পারস্পরিক সহযোগিতার নতুন এক রূপরেখা তৈরি হল। ইউনিভার্সিটির প্রোভিসি (আন্তর্জাতিক) নিকোল ব্রিগ এবং আইইউবির ভিসি অধ্যাপক এম. ওমর রহমান নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন- ম্যাকোয়র ইউনিভার্সিটির পরিচালক (আন্তর্জাতিক) ডেভিড হ্যারিসন এবং আইইউবির প্রোভিসি অধ্যাপক মিলান পাগন। সংবাদ বিজ্ঞপ্তি।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।